

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১১ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩০৬-আইন/২০২০।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৩ এপ্রিল, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস আর ও নং ৭৩-আইন/৯৯-শ্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ১৫ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নম্বর-১৯৯-আইন/২০২০ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৩ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. অশোক কুমার বিশ্বাস

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১৮৩৩)

মূল্য : টাকা ৪.০০